

# 💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩৬৮৯ ২৭/ শিষ্টাচার (كتاب الأدب) পরিচ্ছেদঃ ২৭/৯. নম্র ব্যবহার

بَابِ الرِّفْق

### আরবী

حَدَّقَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّقَنَا مُحَمَّدُ بْنُ مُصِعْب، عَنِ الْأَوْزَاعِيّ، ح وَحَدَّقَنَا هِشَامُ بُنُ عَمَّارٍ، وَعَبْدُ الرَّحْمَنِ بْنُ إِبْرَاهِيمَ، قَالاَ حَدَّقَنَا الْوَلِيدُ بْنُ مُسْلِم، حَدَّقَنَا الأَوْزَاعِيُّ، عَنِ النُّهْرِيِّ، عَنْ عُرْوَةَ، عَنْ عَائِشَةَ، عَنِ النَّبِيِّ - صلى الله عليه وسلم - قَالَ " إِنَّ اللَّهَ رَفِيقٌ يُحِبُّ الرِّفْقَ فِي الأَمْرِ كُلِّهِ " .

#### বাংলা

৩/৩৬৮৯। আয়েশা (রাঃ) থেকে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ নিশ্চয় আল্লাহ হলেন নম্র ও দয়ার্দ্র, তিনি প্রতিটি কাজে নম্রতা ও দয়ার্দ্রতা প্রদর্শন পছন্দ করেন।

## **English**

It was narrated from Aishah that the Prophet(ﷺ) said: "Allah is Gentle and loves gentleness in all things."

### ফুটনোট

সহীহুল বুখারী ৬০২৪, ৬২৫৬, ৬৩৯৫, মুসলিম ২১৬৫, ২৫৯৩, তিরমিয়ী ২৭০১, আহমাদ ৩৩৫৭০, ২৪০৩২, ২৫১০৫, দারেমী ২৭৯৪, রাওদুন নাদীর ৩৬, ৭৬৪। উক্ত হাদিসের রাবী মুহাম্মাদ বিন মুসআব সম্পর্কে আবু আহমাদ আল-হাকিম বলেন, তিনি আহলে ইলমের নিকট নির্ভরযোগ্য নয়। আবু হাতিম আর-রায়ী বলেন, তিনি হাদিস বর্ণনায় দুর্বল, তিনি নির্ভরযোগ্য নয়। আহমাদ বিন শু'আয়ব আন-নাসায়ী বলেন, তিনি দুর্বল। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি সত্যবাদী তবে হাদিস বর্ণনায় অধিক ভুল করেন। ইমাম যাহাবী বলেন, তার মাঝে দুর্বলতা রয়েছে। (তাহযীবুল কামালঃ রাবী নং ৫৬১২, ২৬/৪৬০ নং পৃষ্ঠা)



পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন